দৈনিক বাংলা

তারিখ 19 MAY 1987
পৃষ্ঠা 1 কলাম 2
৪ঠা জ্যৈষ্ঠ ১৩৯৪

132

# মাদ্রাসা ছাত্রদের চ্যান্সেলর পুরস্কার দেয়া হবে : সারোয়ার

শিক্ষা উপমন্ত্রী জনাব গোলাম সারোয়ার বলেছেন, সরকার আগামী শিক্ষা বৎসর থেকে মেধাবী মাদ্রাসা ছাত্রদের 'চ্যান্সেলর পুরস্কার' দেয়ার কথা বিবেচনা করেছেন।

উপমন্ত্রী সোমবার সচিবালয়ে মাদ্রাসা-ই-আলীয়ার ছাত্রদের সাথে এক আলোচনা সভায় একথা জানান।

তিনি বলেন দেশের এক বৃহত্তর জনগোষ্ঠির অংশ হিসেবে মাদ্রাসা শিক্ষায় শিক্ষিতদের সব প্রকার

(৩-এর পৃঃ দ্রঃ)

## সারোয়ার

(১-এর পৃঃ পর)

প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশ গ্রহণ নিশ্চিত করার মধ্য দিয়ে চাকরির সুযোগ সুবিধা বৃদ্ধির প্রচেষ্টা নেয়া হবে।

সভায় চ্যান্সেলরের ছাত্রবিষয়ক উপদেষ্টা জনাব রফিকুল হক হাফিজ ও মাদ্রাসা-ই-আলীয়ার অধ্যক্ষ জনাব মোঃ ইউনুছ সিকদার উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।